NYC Children | NYC Department of Education

# গৃহহীন পরিবারের

## জন্য প্রারম্ভিক পরিচর্যা ও শিক্ষা সংক্রান্ত প্রোগ্রাম (Early Care & Education Programs)

যদি আপনার পরিবার আশ্রয়কেন্দ্রে বা অস্থায়ী বাসস্থানে থাকে তাহলে আপনি বিনামূল্যে প্রাথমিক পরিচর্যা এবং শিক্ষা পরিষেবার জন্য যোগ্য হতে পারেন। এর মধ্যে সেই পরিবার অন্তর্ভুক্ত রয়েছে যারা ঘর হারানোর জন্য, অর্থনৈতিকভাবে কষ্টে থাকার জন্য বা অনুরূপ কারণে অন্যদের সাথে বাসস্থান ভাগাভাগি করছেন। যদি আপনার পরিবার যোগ্য হয়, আপনার কাছে প্রাথমিক পরিচর্যা এবং শিক্ষার অনেক বিকল্প আছে - এবং যদি একটি সিট উপলব্ধ থাকে, আপনি যে কোনো সময় আপনার সন্তানকে নথিভুক্ত করতে পারেন। এছাড়াও, গৃহহীন পরিবার যারা নগদ অর্থের সহায়তা পান কিন্তু হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশন (Human Resource Administration, HRA)-এর মাধ্যমে সন্তানের যত্নের সুবিধা পান না তারাও ডিপার্টমেন্ট অফ এডুকেশন (Department of Education, DOE) অথবা অ্যাডমিনিস্ট্রেশন অফ চিলড্রেন সার্ভিসেস (Administration of Children's Services, ACS)-এর মাধ্যমে সন্তানের যত্নের সহায়তার জন্য আবেদন করতে পারেন।

## বিকল্প

### EarlyLearn

আর্লি হেড স্টার্ট সহ DOE EarlyLearn প্রোগ্রামগুলি একদম ছোট শিশু এবং একটু বড় শিশুদের প্রাথমিক পরিচর্যা এবং শিক্ষা প্রদান করে। এই প্রোগ্রামগুলি অস্থায়ী আবাসনে বসবাসকারী নির্দিষ্ট করা আয়ের-যোগ্য পরিবারের জন্য বিনামূল্যে।

**বয়স: 0 - 2 বছর বয়সী**
**প্রোগ্রাম: কেন্দ্র এবং গৃহ ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 10 ঘন্টা পর্যন্ত**

**www.nyc.gov/earlylearn**

### সকলের জন্য 3-K

NYC পরিবার সবার জন্য বিনামূল্যে, সারা দিন, উচ্চ মানের 3-k-এর আবেদন করতে পারে। এই প্রোগ্রামগুলি সমস্ত স্কুল ডিস্ট্রিক্টে অস্থায়ী আবাসনে থাকা পরিবারগুলির জন্য উপলব্ধ। ক্যালেন্ডার বছর অনুযায়ী আপনার সন্তান তিন বছর হলে পরিবার 3-K-এর জন্য আবেদন করতে পারে।

**বয়স: 3 বছর বয়সী**
**প্রোগ্রাম: কেন্দ্র, স্কুল এবং গৃহ ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 10 ঘন্টা পর্যন্ত**

**www.nyc.gov/3k**

### সকলের জন্য Pre-K

NYC পরিবার সবার জন্য বিনামূল্যে, সারা দিন, উচ্চ মানের Pre-K-এর আবেদন করতে পারে। এই প্রোগ্রামগুলি সমস্ত স্কুল ডিস্ট্রিক্টে থাকা পরিবারগুলির জন্য আয় এবং প্রয়োজনীয়তা নির্বিশেষে উপলব্ধ। ক্যালেন্ডার অনুযায়ী আপনার সন্তানের বয়স চার বছর হলে পরিবারের লোকজন Pre-K তে আবেদন করতে পারবেন।

**বয়স: 4 বছর বয়সী**
**প্রোগ্রাম: কেন্দ্র এবং স্কুল ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 10 ঘন্টা পর্যন্ত**

**www.nyc.gov/prek**

### শিশু পরিচর্যার ভাউচার

শিশু পরিচর্যা ভাউচারগুলি শহর জুড়ে শত শত গৃহ-ভিত্তিক এবং কেন্দ্র-ভিত্তিক পরিষেবা প্রদানকারীদের এখানে শিশুর পরিচর্যার খরচকে কভার করতে সহায়তা করে। ভাউচারগুলি অনুমোদিত আত্মীয়, প্রতিবেশী বা বন্ধুদের পরিচর্যার অর্থ প্রদানের জন্যও ব্যবহার করা যেতে পারে। অস্থায়ী আবাসনে থাকা পরিবারগুলিকে ভাউচার পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।

**বয়স: 6 সপ্তাহ - 13 বছর বয়সী (বা প্রতিবন্ধী শিশুদের ক্ষেত্রে 19 বছর বয়সী)**
**প্রোগ্রাম: কেন্দ্র এবং গৃহ ভিত্তিক**
**সময়: সারা বছর, দিনে 24 ঘন্টা পর্যন্ত**

**nyc.gov/childcarevouchers**

অধিক তথ্যের জন্য পরের পাতায় যান।

NYC Children | NYC Department of Education

# গৃহহীন পরিবারের

## জন্য প্রারম্ভিক পরিচর্যা ও শিক্ষা সংক্রান্ত প্রোগ্রাম (Early Care & Education Programs)

### কীভাবে আবেদন করবেন

## EARLYLEARN, সকলের জন্য 3K, অথবা সকলের জন্য PRE-K:

### একটি প্রোগ্রাম শনাক্ত করুন

- সকলের জন্য EarlyLearn, 3K, এবং Pre-K প্রোগ্রামের একটি ডিরেক্টরির জন্য **www.MySchools.nyc/schools** -এ যান।
- যদি আপনি সারা বছর ধরে পরিচর্যা প্রদানকারী প্রোগ্রামগুলিতে আগ্রহী হন (গ্রীষ্মের মাসগুলি সহ) তাহলে "অধিক ফিল্টার" ট্যাবটি ব্যবহার করুন এবং "হেড স্টার্ট" বা "বর্ধিত দিন/বছর" বেছে নিন
- 718-935-2009 নম্বরে ফোন করুন, ইমেইল: **ES_Enrollment@schools.nyc.gov** অথবা সাহায্যের জন্য একটি DOE ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যান

### এর জন্য আবেদন করুন: আর্লি লার্ন, সকলের জন্য 3K, এবং সকলের জন্য PreK বর্ধিত দিন/বছরের প্রোগ্রাম

- **হেড স্টার্ট প্রোগ্রামের জন্য:**
  - প্রোগ্রামের মাধ্যমে সরাসরি আবেদন করুন (নির্দেশাবলীর জন্য তাদের ওয়েবসাইটে যান বা কল করুন)। অস্থায়ী আবাসনে থাকা পরিবারগুলি আয় বা অভিবাসন স্থিতি নির্বিশেষে হেড স্টার্টের জন্য যোগ্য
- **অন্যান্য সমস্ত প্রোগ্রামের জন্য:**
  - একটি আবেদনের ফর্ম পূরণ করুন: **bit.ly/childcareeligibility**
  - **CCapplication@schools.nyc.gov** এ ইমেইল করে অথবা Family Welcome Center, 333 7th Avenue 12th floor, New York, NY, 10001 এ পাঠিয়ে আপনার প্রোগ্রামে বা DOE-এ আপনার আবেদনটিকে জমা করুন

### এর জন্য আবেদন করুন: সকলের জন্য 3K অথবা সকলের জন্য PreK স্কুল দিন/বছরের প্রোগ্রাম

- অবিলম্বে খোলার বিষয়ে বা কখন একটি সিট উপলব্ধ হতে পারে সে সম্পর্কে জানতে সরাসরি 3K বা Pre-K প্রোগ্রামে ফোন করুন। এই প্রোগ্রামগুলির জন্য কোন যোগ্যতা নির্ধারণের প্রয়োজন নেই!

## শিশু পরিচর্যা প্রোগ্রামের ভাউচার:

### একটি প্রোগ্রাম শনাক্ত করুন

- ডিরেক্টরি অফ লাইসেন্স আর্লি কেয়ার এবং এডুকেশন সেন্টার,-এর স্কুলের প্রোগ্রাম অনুযায়ী এবং অনুমোদিত সামার ক্যাম্প বা OCFS চাইল্ড কেয়ার সার্চ টুল-এর বাড়ি থেকে রেজিস্টার করা ডিরেক্টরির জন্য DOHMH'S চাইল্ড কেয়ার কানেক্ট পোর্টালে যান।
- আপনি যদি না জানেন যে কোন প্রোগ্রামে যোগ দিবেন, তাহলে কোনো ব্যাপার না - আপনি এই তথ্য ছাড়াই চাইল্ড কেয়ারের আবেদনটি জমা দিতে পারেন।
- সাহায্যের জন্য ফোন করুন (212) 835-7610 অথবা ইমেল করুন: **temporaryhousingRA@acs.nyc.gov**

### আবেদন করুন

- একটি আবেদন করার ফর্ম পূরণ করুন (চিহ্নিত করুন যে আপনি অস্থায়ী আবাসনে আছেন): **https://www1.nyc.gov/site/acs/early-care/forms.page**
- **temporaryhousingRA@acs.nyc.gov** এ ইমেইল করে অথবা NYC Children – EDU, PO Box 40, Maplewood, N.J., 07040 এ পাঠিয়ে ACS-এ আপনার আবেদনটিকে জমা করুন।
- যোগ্য হলে, আপনার জন্য একটি ভাউচার জারি করা হবে যেটা আপনি সম্পূর্ণ করবেন এবং ACS-এ ফেরৎ পাঠাবেন।

অধিক তথ্যের জন্য পরের পাতায় যান।